►トピック　私(わたし)の好(す)きなこと

# 第(だい)11課(か)　どんなマンガが好(す)きですか？

あなたの趣味(しゅみ)は何(なん)ですか？　休(やす)みの日(ひ)は何(なに)をしますか？

আপনার শখ কী? ছুটির দিন থাকলে কী করেন?

## 1.　趣味(しゅみ)は何(なん)ですか？

Can-do 44

**趣味(しゅみ)について質問(しつもん)されたとき、簡単(かんたん)に答(こた)えることができる。**

শখ সম্পর্কে প্রশ্ন করা হলে, সহজভাবে উত্তর প্রদান করতে পারবেন।

### 1　会話(かいわ)を聞(き)きましょう。

কথোপকথনটি শুনুন।

► 趣味(しゅみ)について、6人(にん)の人(ひと)が話(はな)しています。

ছয় জন ব্যক্তির প্রত্যেকে তাদের শখ সম্পর্কে কথা বলছে।

**（1）趣味(しゅみ)や好(す)きなことは何(なん)ですか。a-i から選(えら)びましょう。**

তাদের শখ কি? তারা কী পছন্দ করে? a–i থেকে নির্বাচন করুন।

> 趣味(しゅみ)は、何(なん)ですか？
> আপনার কোন ধরণের শখ আছে?


a. スポーツ




b. 音楽(おんがく)



c. 映画(えいが)




d. 読書(どくしょ)




e. 買(か)い物(もの)



f. 料理(りょうり)



g. ゲーム



h. マンガ




i. アニメ





©The Japan Foundation

| ① 11-01 | ② 11-02 | ③ 11-03 | ④ 11-04 | ⑤ 11-05 | ⑥ 11-06 |
|---|---|---|---|---|---|
| | | | , | , | |

（２）もういちど聞（き）きましょう。 11-01 ～ 11-06
কথোপকথনটি আবার শুনুন।

## 形（かたち）に注目（ちゅうもく）

（１）音声（おんせい）を聞（き）いて、＿＿＿＿＿にことばを書（か）きましょう。 11-07
রেকর্ডিংটি শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

趣味（しゅみ）は、＿＿＿＿＿＿ですか？

ゲーム＿＿＿＿＿＿。

アニメ＿＿＿＿＿＿＿＿＿＿＿＿。

読書（どくしょ）と映画（えいが）＿＿＿＿＿＿。

スポーツ＿＿＿＿＿＿。あと、料理（りょうり）＿＿＿＿＿＿＿＿＿＿＿＿。

趣味（しゅみ）をたずねたり、答（こた）えたりするとき、どう言（い）っていましたか。➡文法ノート❶、第5課❶
শখ সম্পর্কে প্রশ্ন করা এবং উত্তর প্রদান করার সময় কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

（２）形（かたち）に注目（ちゅうもく）して、会話（かいわ）をもういちど聞（き）きましょう。 11-01 ～ 11-06
ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 2 趣味を言いましょう。

আপনার শখ সম্পর্কে কথা বলুন।

趣味は、何ですか？

アニメ が好きです。
読書と映画 です。

そうですか。
いいですね。
私もです。

（1）会話を聞きましょう。 11-08 11-09

কথোপকথনটি শুনুন।

（2）シャドーイングしましょう。 11-08 11-09

কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3）1 のことばを使って、練習しましょう。

1 এর শব্দ ব্যবহার করে অনুশীলন করুন।

（4）お互いに、趣味を聞きましょう。自分の趣味を日本語でどう言うかわからないときは、調べましょう。

শখ সম্পর্কে একে অপরকে প্রশ্ন করুন। নিজের শখ জাপানি ভাষায় বলার পদ্ধতি না জানা থাকলে, খুঁজে দেখার চেষ্টা করুন।


©The Japan Foundation

## 2. 「ドラゴンボール」が大好きです

Can-do 45
**趣味や好きなことを質問したり、質問に答えたりすることができる。**
শখ বা পছন্দের বিষয় সম্পর্কে প্রশ্ন করা, প্রশ্নের উত্তর প্রদান করতে পারবেন।

### 1 会話を聞きましょう。

কথোপকথনটি শুনুন।

► 日本語クラスの休み時間に、ジュンジュンさんと趙さんが、お互いの趣味について話しています。
জুন জুন-সান এবং ঝাও-সান জাপানি ভাষার ক্লাসের বিরতির সময় একে অপরকে তাদের শখ সম্পর্কে প্রশ্ন করছেন।




**(１) はじめに、スクリプトを見ないで会話を聞きましょう。** 11-10
**２人の趣味は、何ですか。a-i から選びましょう。**
প্রথমে, স্ক্রিপ্ট না দেখে কথোপকথনটি শুনুন। তাদের শখ কী? a–i থেকে নির্বাচন করুন।

| | | | | |
|---|---|---|---|---|
| a. スポーツ | b. 音楽 | c. 映画 | d. 読書 | e. 買い物 |
| f. 料理 | g. ゲーム | h.マンガ | i. アニメ | |

| ジュンジュンさん | 趙さん |
|---|---|
| | |


©The Japan Foundation

（２）スクリプトを見(み)ながら聞(き)きましょう。 11-10

2人(ふたり)は、具体的(ぐたいてき)に、それぞれ何(なに)が好(す)きだと言(い)っていますか。メモしましょう。

কথোপকথনটি আবার শুনুন। এই বার, স্ক্রিপ্ট বরাবর অনুসরণ করুন। নির্দিষ্টভাবে তারা কী পছন্দ করে? লিখে রাখুন।

| ジュンジュンさん | 趙(チョウ)さん |
|---|---|
| , | |

趙(チョウ)：ジュンジュンさんの趣味(しゅみ)は、何(なん)ですか？

ジュンジュン：スポーツです。

趙(チョウ)：へー、どんなスポーツが好(す)きですか？

ジュンジュン：バスケットボールと水泳(すいえい)が好(す)きです。

趙(チョウ)さんは、スポーツ、好(す)きですか？

趙(チョウ)：うーん、スポーツは、あまり好(す)きじゃないです。

ジュンジュン：そうですか。じゃあ、何(なに)が好(す)きですか？

趙(チョウ)：私(わたし)は、マンガが好(す)きです。

ジュンジュン：どんなマンガが好(す)きですか？

趙(チョウ)：そうですねえ、「ドラゴンボール」が大好(だいす)きです。

ジュンジュン：ああ、いいですね。

そうですねえ
হুম, দেখা যাক।
考(かんが)えるときに使(つか)う表現(ひょうげん)
বক্তা চিন্তা করার সময় ব্যবহৃত অভিব্যক্তি

どんな কোনধরনের ｜ バスケットボール বাস্কেটবল ｜ 水泳(すいえい) সাঁতার কাটা ｜ 大好(だいす)き(な) খুবপছন্দের


©The Japan Foundation

## 形に注目

**（1）** 音声を聞いて、＿＿＿＿＿にことばを書きましょう。 🔊 11-11

রেকর্ডিংটি শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

A：＿＿＿＿＿＿スポーツが好きですか？

B：バスケットボールと水泳が好きです。

A：＿＿＿＿＿＿マンガが好きですか？

B：「ドラゴンボール」が大好きです。

スポーツは、＿＿＿＿＿＿好き＿＿＿＿＿＿＿＿です。

「ドラゴンボール」が＿＿＿＿＿＿＿＿です。

❗ 好きなものについて、くわしく知りたいとき、どう質問していましたか。➡文法ノート❷
অন্য ব্যক্তি পছন্দ করে, এমন কিছু সম্পর্কে আরও জানতে কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

❗ 「あまり好きじゃない」は、どんな意味だと思いますか。また、とても好きなものを言うとき、どう言っていましたか。➡文法ノート❸
あまり好きじゃない এর অর্থ কি বলে মনে করেন? বক্তা সত্যিই পছন্দ করে, এমন কিছু সম্পর্কে কথা বলার সময় কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

**（2）** 形に注目して、会話をもういちど聞きましょう。 🔊 11-10

ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 2 趣味(しゅみ)や好(す)きなことについて話(はな)しましょう。

আপনার শখ এবং পছন্দের বিষয় সম্পর্কে কথা বলুন।

①

趣味(しゅみ)は、何(なん)ですか？

スポーツ です。

どんな スポーツ が好(す)きですか？

バスケットボールと水泳(すいえい) が好(す)きです。

| 【スポーツ】 | 【読書(どくしょ)（本(ほん)）】 | 【映画(えいが)】 | 【音楽(おんがく)】 |
|---|---|---|---|
| サッカー<br>ফুটবল | ミステリー<br>রহস্য | 恋愛映画(れんあいえいが)<br>রোমান্টিক সিনেমা | ロック<br>রক |
| ラグビー<br>রাগবি | ファンタジー<br>ফ্যান্টাসি | アクション映画(えいが)<br>অ্যাকশন চলচ্চিত্র | ジャズ<br>জ্যাজ |
| バドミントン<br>ব্যাডমিন্টন | 村上春樹(むらかみはるき)<br>মুরাকামি হারুকি | SF<br>বৈজ্ঞানিক কল্পকাহিনী | クラシック<br>ক্লাসিক্যাল |
| 卓球(たっきゅう)<br>টেবিল টেনিস | 夏目漱石(なつめそうせき)<br>নাৎসুমে সোসেকি | ホラー<br>লোমহর্ষক | クイーン<br>কুইন |
| ⋮ | ⋮ | ハリー・ポッター<br>হ্যারি পটার | ショパン<br>চোপিন |
| | | スターウォーズ<br>স্টার ওয়ারস | ⋮ |
| | | ⋮ | |


©The Japan Foundation

②

**スポーツ**、好きですか？

→ はい、好きです。
**バスケットボール**が大好きです。

→ あまり好きじゃないです。
何が好きですか？
**マンガ**が好きです。

（１）会話を聞きましょう。 11-12 ／ 11-13 11-14
কথোপকথনটি শুনুন।

（２）シャドーイングしましょう。 11-12 ／ 11-13 11-14
কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（３）趣味や好きなことについて、お互いに聞きましょう。
言いたいことばが日本語でわからないときは、調べましょう。
শখ এবং পছন্দের বিষয় সম্পর্কে একে অপরকে প্রশ্ন করুন। কোনো কিছু জাপানি ভাষায় কিভাবে বলতে হয় তা জানা না থাকলে, এটি দেখার চেষ্টা করুন।


©The Japan Foundation

# 3. うちでゆっくりします

can-do 46
休みの日に何をするか、質問したり、質問に答えたりすることができる。
ছুটির দিনে কী করা হয়, সে সম্পর্কে প্রশ্ন করা, প্রশ্নের উত্তর প্রদান করতে পারবেন।

## 1 ことばの準備
শব্দের জন্য প্রস্তুতি

【休みの日 ছুটির দিন】

a. 音楽を聞きます（聞く）




b. 本を読みます（読む）



c. テレビを見ます（見る）



d. スポーツをします（する）



e. 掃除をします（する）



f. 洗濯をします（する）



g. 料理をします（する）



h. ゲームをします（する）



i. 散歩をします（する）



j. 買い物をします（する）



k. 勉強します（勉強する）




l. ゆっくりします（ゆっくりする）



（1）絵を見ながら聞きましょう。 11-15
চিত্রগুলো দেখতে দেখতে শুনুন।

（2）聞いて言いましょう。 11-15
শুনুন এবং শব্দটি পুনরাবৃত্তি করুন।

（3）聞いて、a-l から選びましょう。 11-16
শুনুন এবং a–l থেকে নির্বাচন করুন।



©The Japan Foundation

## 2 会話を聞きましょう。

কথোপকথনটি শুনুন।

► ミゲルさんと、ノミンさんと、森田さんと、西川さんは、同じ職場で働いています。職場の休み時間に、休みの日の過ごし方について話しています。

মিগুয়েল-সান, নোমিন-সান, মরিতা-সান এবং নিশিকাওয়া-সান একসাথে কাজ করেন। বিরতির সময়, তারা ছুটির দিন কাটানোর পদ্ধতি সম্পর্কে কথা বলছেন।




ミゲル　ノミン　森田　西川

（１） ４人の休みの過ごし方は、どれですか。a-d から選びましょう。


তারা তাদের ছুটি দিন কীভাবে কাটায়? a–d থেকে নির্বাচন করুন।

> 休みの日は、いつも、何をしますか？
> ছুটির দিনে কী করেন?


a.




b.



c.



d.



| ① ミゲルさん 11-17 | ② ノミンさん 11-18 | ③ 森田さん 11-19 | ④ 西川さん 11-20 |
|---|---|---|---|
| | | | |


©The Japan Foundation

（２）もういちど聞きましょう。どのくらいしますか。ア - カから選んで（　　　）に書きましょう。
কথোপকথনটি আবার শুনুন। কত ঘন ঘন তারা এই কর্মকাণ্ড করে? ア–カ থেকে নির্বাচন করুন এবং শূন্যস্থান পূরণ করুন।

| | | |
|---|---|---|
| ア. いつも | イ. たいてい | ウ. よく |
| エ. ときどき | オ. あまり | カ. ぜんぜん |

| ① ミゲルさん 11-17 | ② ノミンさん 11-18 | ③ 森田さん 11-19 | ④ 西川さん 11-20 |
|---|---|---|---|
| 掃除・洗濯（　　　） | 映画（　　　） | テニス（　　　） | パチンコ（　　　） |
| 買い物（　　　） | 日本語の勉強（　　　） | ジョギング（　　　） | スポーツ（　　　） |
| | テレビ（　　　） | | |

（３）ことばを確認して、もういちど聞きましょう。 11-17 ～ 11-20
শব্দগুলি নিশ্চিত করুন এবং কথোপকথনটি আবার শুনুন।

外 বাইরে ｜ 1人で নিজেনিজে ｜ ごろごろ(する) আলস্যে সময় কাটানো

えらいですね সেটি প্রশংসনীয়।

～かなあ（考えながら話していることを表す চিন্তা করার সময় কথা বলার কথা ব্যক্ত করে）


©The Japan Foundation

## 形(かたち)に注目(ちゅうもく)

（1）音声(おんせい)を聞(き)いて、＿＿＿＿＿にことばを書(か)きましょう。 11-21　11-22
রেকর্ডিং শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

休(やす)みの日(ひ)は、いつも、何(なに)をしますか？

＿＿＿＿＿＿＿＿、掃除(そうじ)と洗濯(せんたく)をします。

＿＿＿＿＿＿＿＿、映画(えいが)を見(み)ます。

＿＿＿＿＿＿＿＿、友(とも)だちと買(か)い物(もの)をします。

＿＿＿＿＿＿＿＿、日本語(にほんご)を勉強(べんきょう)します。

テレビは、＿＿＿＿＿＿＿＿見(み)ません。

スポーツは、＿＿＿＿＿＿＿＿しないね。

することを言(い)うときに、使(つか)うことばはどれですか。しないことを言(い)うときに、使(つか)うことばはどれですか。➡文法ノート❹
বক্তারা তাদের করা কোনো কিছু সম্পর্কে কথা বলার সময় কোন ধরণের শব্দ ব্যবহার করে? বক্তারা তাদের না করা কোনো কিছু সম্পর্কে কথা বলার সময় কোন ধরণের শব্দ ব্যবহার করে?

友(とも)だち＿＿＿買(か)い物(もの)をします。

うち＿＿＿ゆっくりします。

外(そと)＿＿＿スポーツをします。

夫(おっと)＿＿＿公園(こうえん)＿＿＿テニスをします。

「で」「と」は、どんな意味(いみ)だと思(おも)いますか。➡文法ノート❺
で এবং と এর অর্থ কী বলে মনে করেন?

（2）形(かたち)に注目(ちゅうもく)して、会話(かいわ)をもういちど聞(き)きましょう。 11-17 ～ 11-20
ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 3 休(やす)みの日(ひ)にすることを話(はな)しましょう。

আপনার ছুটির দিনে আপনি কী করেন, সে সম্পর্কে কথা বলুন।

休(やす)みの日(ひ)は、いつも、何(なに)をしますか？

そうですねえ、**たいてい**、**うちでゆっくりします**。

**スポーツはします**か？

はい、**よく／ときどき**します。
**夫(おっと)**と**公園(こうえん)**で**テニスをします**。

いいえ、**あまり／ぜんぜん**しません。

（1）会話(かいわ)を聞(き)きましょう。 11-23 11-24
কথোপকথনটি শুনুন।

（2）シャドーイングしましょう。 11-23 11-24
কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3）1 のことばを使(つか)って、練習(れんしゅう)しましょう。
1 এর শব্দ ব্যবহার করে অনুশীলন করুন।

（4）お互(たが)いに、休(やす)みの日(ひ)に何(なに)をするか聞(き)きましょう。
ছুটির দিনে আপনি কী করেন, সে সম্পর্কে একে অপরকে প্রশ্ন করুন।


©The Japan Foundation

# 4. SNS のプロフィール

can-do 47
**SNS の簡単なプロフィールを読んで、その人の好きなことを理解することができる。**
SNS এর সংক্ষিপ্ত প্রোফাইল পড়ে, সংশ্লিষ্ট ব্যক্তির পছন্দের বিষয় সম্পর্কে বুঝতে পারবেন।

## 1 SNS のプロフィールを読みましょう。

সোশ্যাল মিডিয়া প্রোফাইল পড়ুন।

► SNS で、いいと思う投稿を見ました。どんな人が投稿したのか、その人のプロフィールを読んでみることにしました。
আপনি একটি ভাল সোশ্যাল মিডিয়া পোস্ট দেখেছেন। তিনি কোন ধরনের ব্যক্তি দেখার জন্য পোস্টারের প্রোফাইল পড়ুন।

**mayuri さんと yukiko さんの趣味は、それぞれ、何ですか。書いてあるところに印をつけましょう。**
mayuri-সান এবং yukiko-সানের শখ কী? সেগুলো লেখা থাকা জায়গাটি চিহ্নিত করুন।

①




②




大切なことば

ショッピング কেনাকাটা ｜ ファッション ফ্যাশন


©The Japan Foundation

# 聴解(ちょうかい)スクリプト

## 1. 趣味(しゅみ)は何(なん)ですか？

① 11-01

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：えーと、ゲームです。

A：へー、ゲームですか。

---

② 11-02

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：趣味(しゅみ)？ 買(か)い物(もの)が好(す)きです。

A：そうですか。

---

③ 11-03

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：うーん、アニメが好(す)きです。

A：ああ、アニメ。

---

④ 11-04

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：趣味(しゅみ)は、読書(どくしょ)と映画(えいが)です。

A：読書(どくしょ)と映画(えいが)、いいですね。

---

⑤ 11-05

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：スポーツです。あと、料理(りょうり)も好(す)きです。

A：いいですね。

---

⑥ 11-06

A：趣味(しゅみ)は、何(なん)ですか？

B：えーと、音楽(おんがく)が好(す)きです。

A：音楽(おんがく)、私(わたし)もです。


©The Japan Foundation

## 3. うちでゆっくりします

① 11-17

森田：ミゲルさん、休みの日は、いつも、何をしますか？
ミゲル：そうですねえ、私は、いつも、掃除と洗濯をします。
あと、よく、友だちと買い物をします。
森田：そうですか。

② 11-18

森田：ノミンさんは？
ノミン：私は、うちでゆっくりします。
森田：そう。うちで、何をしますか？
ノミン：たいてい、映画を見ます。
ときどき、日本語を勉強します。
ミゲル：へー、えらいですね。テレビは見ますか？
ノミン：ああ、テレビは、あまり見ません。

③ 11-19

ミゲル：森田さんは、休みの日は、何をしますか？
森田：外でスポーツをします。
ノミン：スポーツ、いいですね。
どんなスポーツをしますか？
森田：たいてい、夫と公園でテニスをします。
あと、ときどき、１人でジョギングをします。
ミゲル：へー、いいですね。


©The Japan Foundation

④ 11-20

ノミン：西川（にしかわ）さんは？
西川（にしかわ）：うーん、休（やす）みの日（ひ）は、うちでごろごろ……。
ノミン：ごろごろ？
西川（にしかわ）：ふとんでゆっくり。
あー、ときどき、パチンコをするかなあ。
ミゲル：パチンコ？　何（なん）ですか？
西川（にしかわ）：日本（にほん）のゲーム。
ミゲル：そうですか。
ノミン：スポーツは？
西川（にしかわ）：スポーツは、ぜんぜんしないね。


©The Japan Foundation

# 漢字のことば

**1** 読(よ)んで、意味(いみ)を確認(かくにん)しましょう。
নিচের কাঞ্জিগুলো পড়ে, এগুলোর অর্থ চেক করুন।

| | | | |
|---|---|---|---|
| 読(よ)みます | 読みます | 読みます | 読みます |
| 聞(き)きます | 聞きます | 聞きます | 聞きます |
| 見(み)ます | 見ます | 見ます | 見ます |
| 本(ほん) | 本 | 本 | 本 |
| 友(とも)だち | 友だち | 友だち | 友だち |
| 何(なに) | 何 | 何 | 何 |

**2** ＿＿＿の漢字(かんじ)に注意(ちゅうい)して読(よ)みましょう。
＿＿＿-এর কাঞ্জির দিকে মনোযোগ দিয়ে পড়ুন।

① Ａ：休(やす)みの日(ひ)は、何をしますか？
　Ｂ：たいてい、本を読みます。
② テレビは、あまり見ません。
③ よく、音楽(おんがく)を聞きます。
④ ときどき、友だちと、買(か)い物(もの)をします。

**3** 上(うえ)の＿＿＿のことばを、キーボードやスマートフォンで入力(にゅうりょく)しましょう。
কীবোর্ড বা স্মার্টফোন ব্যবহার করে, উপরের ＿＿＿ এর শব্দগুলি লিখুন।


©The Japan Foundation

# 文法ノート

## ❶ Nは 何ですか？

### 趣味は、何ですか？

আপনার শখ কি?

- ～は何ですか? এর ফর্মে বিভিন্ন বিষয় সম্পর্কে প্রশ্ন করার জন্য প্রশ্নবোধক শব্দ 何 (কি) ব্যবহার করা যেতে পারে।। আলোচ্য বিষয়কে জানতে চাওয়া বিষয় পরিণত করা। এখানে, শখ সম্পর্কে প্রশ্ন করার জন্য ব্যবহার করা হয়েছে।
- 何 এর উচ্চারণ なん বা なに হতে পারে।
  ① ですか? এর সাথে ব্যবহার করা হলে なん এর মতো করে উচ্চারিত হয়। নিচের মতো অন্যান্য শব্দের সাথে ব্যব-হার করা হলে なん এর মতো করে উচ্চারিত হয়।
  উদাহরণ: 何歳 (কত বয়স), 何枚 (কয়টি), 何年 (কোন বছর), 何月 (কোন মাস) 何日 (কোন তারিখ), 何曜日 (সপ্তাহের কোন দিন), 何時 (কোন সময় (ঘন্টা)) এবং 何分 (কোন সময় (মিনিট))।
  ② 何を食べますか? এর মতো পার্টিক্যালের সাথে বলার সময় なに বলে উচ্চারণ করা হয়। (আপনি কী খান?) এবং 何が好きですか? কী পছন্দ করেন?

- 疑問詞「何」は、自分が知りたいことを話題（トピック）にして「～は何ですか?」の形でさまざまな話題について質問することができます。ここでは、趣味について質問するときに使っています。
- 「何」の読み方には「なん」と「なに」があります。
  ①「ですか?」をつけて言うときは、「なん」と発音します。また、次のように、他のことばと組み合わせて使う場合も、「なん」と発音します。
  （例） 何歳　何枚　何年　何月　何日　何曜日　何時　何分
  ② 助詞をつけて言うときは、「何を食べますか?」「何が好きですか?」のように、「なに」と発音します。

**[例]** উদাহরণ

► A：趣味は、何ですか？
আপনার শখ কী?
B：読書です。
পড়া।

► A：スポーツは、何が好きですか？
কোন ধরনের খেলা পছন্দ করেন?
B：サッカーが好きです。
আমি ফুটবল খেলা পছন্দ করি।

► A：Smartphone は、日本語で何ですか？
জাপানি ভাষায় "স্মার্টফোন"-কে কি বলে?
B：スマホです。
এটি হল সুমাহো।


©The Japan Foundation

## ❷ どんなN

どんなスポーツが好(す)きですか？
কোন ধরনের খেলাধুলা পছন্দ করেন?

- ব্যাখ্যার জন্য অনুরোধ করার সময়, どんなスポーツ (কোন ধরনের খেলাধুলা) এর মতো করে প্রশ্নবোধক শব্দ どんな ব্যবহার করা হয়। এই পাঠে, খেলাধুলা, চলচ্চিত্র, সঙ্গীত, ইত্যাদির বিভাগ এবং কর্ম সম্পর্কে প্রশ্ন করার জন্য ব্যবহার করা হয়েছে।

- 「どんな」は疑問詞で、「どんなスポーツ」のように、名詞の前に置かれて、それについて説明を求めるときに使います。この課では、スポーツ、映画、音楽などについて、ジャンルや作品などをたずねるときに使っています。

[例(れい)] উদাহরণ

► A：どんな映画(えいが)が好(す)きですか？
কোন ধরনের চলচ্চিত্র পছন্দ করেন?
B：アクション映画(えいが)が好(す)きです。
অ্যাকশন চলচ্চিত্র পছন্দ করি।

► A：どんな本(ほん)を、よく読(よ)みますか？
কোন ধরনের বই পড়েন?
B：ミステリーが好(す)きです。
আমি রহস্য পছন্দ করি।

## ❸ あまり ナA-じゃないです / イA-くないです <মাত্রা 程度(ていど)>

スポーツは、あまり好(す)きじゃないです。
আমি খেলাধুলা খুব একটা পছন্দ করি না।

- এই অভিব্যক্তিটি মাত্রা প্রকাশ করার জন্য ব্যবহার করা হয়। বিশেষণের সাথে ব্যবহার করা হয়।
- あまり হল একটি ক্রিয়াবিশেষণ এবং ～はあまり好(す)きじゃないです (আমি বেশি পছন্দ করি না) এর মতো নেতিবাচক বিশেষণের সাথে একসাথে ব্যবহার করা হলে, এর অর্থ মাত্রা খুব বেশি নয়। অনুরূপ ক্রিয়া বিশেষণ হল ぜんぜん (মোটেই না)।
- উচ্চ মাত্রা ব্যক্ত করার জন্য, পাঠ ৭ এ অধ্যয়ন করা とても (খুব) ব্যবহার করা হয়। পছন্দ করা কোন কিছু সম্পর্কে বলার জন্য ～がとても好(す)きです (আমি সত্যিই পছন্দ করি) ব্যবহার করা হয়। ～が大好(だいす)きです (আমি অনেক পছন্দ করি) বলার জন্য 大好(だいす)き(な) (পছন্দ করি) ও ব্যবহার করা যায়।

- 程度を表す言い方です。形容詞と使います。
- 「あまり」は副詞で、「～はあまり好きじゃないです」のように形容詞の否定形といっしょに使うと、程度が高くないことを表します。同じような副詞に「ぜんぜん」があります。
- 程度が高いことを表すには、第７課で勉強した副詞「とても」を使います。好きなものを言うときは、「～がとても好きです」のように言います。また、「大好き（な）」を使って「～が大好きです」と言うこともできます。


©The Japan Foundation

[例] 
উদাহরণ

► A：田中さんは、アニメが好きですか？
তানাকা-সান, এনিমে পছন্দ করেন কি ?
B：あまり好きじゃないです。
খুব একটা পছন্দ করি না।

► A：趣味は、何ですか？
আপনার শখ কি?
B：映画です。ホラーが大好きです。
সিনেমা। আমি সত্যিই হরর মুভি পছন্দ করি।

► A：部屋は広いですか？
কক্ষটি বড় কি?
B：ぜんぜん広くないです。でも、とてもきれいです。
এটা মোটেই বড় নয়। তবে, এটি খুব পরিষ্কার।

❹

| | | |
|---|---|---|
| **いつも／たいてい／よく／ときどき** | **V- ます** | **<সংঘটনের হার 頻度>** |
| **あまり／ぜんぜん** | **V- ません** | |

休みの日は、たいてい、映画を見ます。
আমি অধিকাংশ ক্ষেত্রে ছুটির দিনে সিনেমা দেখি।

スポーツは、ぜんぜんしないね。
আমি মোটেও খেলাধুলা করি না।

- এই অভিব্যক্তি সংঘটনের হার ব্যক্ত করার জন্য ব্যবহার করা হয়। ক্রিয়াপদের সাথে ব্যবহৃত হয়।
- いつも (সর্বদা), たいてい (অধিকাংশ ক্ষেত্রে), এবং よく (প্রায়ই) সংঘটনের হার বেশি হওয়াকে নির্দেশ করে। ときどき (মাঝে মাঝে) মাঝখানে অবস্থান করে।
- あまり (বেশি নয়) এবং ぜんぜん (মোটেই নয়) নেতিবাচক ক্রিয়াপদের সাথে একসাথে ব্যবহৃত হয় এবং সংঘটনের হার কম হওয়াকে নির্দেশ করে।

- 頻度を表す言い方です。動詞と使います。
- 「いつも」「たいてい」「よく」は頻度が高いことを表します。「ときどき」は中間ぐらいです。
- 「あまり」「ぜんぜん」は動詞の否定形といっしょに使い、頻度が高くないことを表します。

[例] 
উদাহরণ

► A：休みの日は、いつも、何をしますか？
ছুটির দিনে কী করেন?
B：たいてい、うちでゆっくりします。ときどき、散歩をします。
আমি অধিকাংশ ক্ষেত্রে বাড়িতে আরাম করি। মাঝে মাঝে হাঁটাহাঁটি করি।

► A：夜、何をしますか？
রাতে কী করেন?
B：よく本を読みます。
আমি প্রায়ই বই পড়ি।
A：テレビを見ますか？
টিভি দেখেন কি?
B：テレビは、あまり見ません。
আমি খুব বেশি টিভি দেখি না।


©The Japan Foundation

### ◆ সংঘটনের হার এবং মাত্রা বলার পদ্ধতি 頻度、程度の言い方

| | বেশি 高い | → | | | | কম 低い |
|---|---|---|---|---|---|---|
| সংঘটনের হার 頻度 (+ ক্রিয়াপদ) | いつも | たいてい | よく | ときどき | あまり | ぜんぜん |
| মাত্রা 程度 (+ナA／イA) | とても | | | | あまり | ぜんぜん |

❺ 【মানুষ 人】と 【জায়গা 場所】で | V- ます

夫と公園でテニスをします。
স্বামীর সাথে পার্কে টেনিস খেলে থাকি।

- ব্যক্তিকে প্রতিনিধিত্বকারী বিশেষ্যের পরে পার্টিক্যাল と ব্যবহার করা হয় এবং কর্মটি একসাথে সম্পাদন করা ব্যক্তিকে নির্দেশ করে।
- স্থানকে প্রতিনিধিত্বকারী বিশেষ্যের পরে পার্টিক্যাল で ব্যবহার করা হয় এবং কর্মটি সম্পাদিত হওয়া স্থানকে নির্দেশ করে।
- ক্রিয়া বাক্যে, সাধিত হওয়া কাজকে (ক্রিয়াপদ) নির্দেশ করা অংশটিকে বাক্যের শেষে স্থাপন করা হয়। কখন, কার সাথে এবং কোথায় এর মতো অন্যান্য উপাদান, যে কোন শব্দ ক্রমে ব্যবহার করা যেতে পারে।

- 助詞「と」は、人を表す名詞のあとについて、動作・行為をいっしょにする人を示します。
- 助詞「で」は、場所を表す名詞のあとについて、動作・行為の場所を示します。
- 動詞文では、何をするかを示す部分（動詞）は文の最後に置かれます。それ以外の要素、例えば、いつ、だれと、どこでなどを示す部分の語順は自由です。

［例］উদাহরণ
► 休みの日は、ときどき、友だちと買い物をします。
মাঝে মাঝে বন্ধুর সাথে ছুটির দিনে কেনাকাটা করতে যাই।

► 夜は、うちで音楽を聞きます。
রাতে বাসায় গান শুনি।

► 日曜日は、いつも、子どもと外で遊びます。
রবিবারে, আমি সর্বদা আমার সন্তানের সাথে বাইরে খেলি।


©The Japan Foundation

日本の生活 TIPS


## ● 日本(にほん)のマンガ　জাপানি মাঙ্গা



বলা হয় যে জাপানে প্রকাশনার এক-তৃতীয়াংশই হল মাঙ্গা। মাঙ্গা শুধুমাত্র শিশুরা নয়, প্রাপ্তবয়স্করাও পড়ে থাকে। অ্যাকশন, ফ্যান্টাসি, রোম্যান্স, খেলাধুলা, রহস্য, বিজ্ঞান কল্পকাহিনী, কমেডি, ইতিহাস, খাদ্য এবং প্রাপ্তবয়স্ক থিমের মতো বিভিন্ন ধরণের ধারা রয়েছে। এছাড়াও অনেক ধরণের মাঙ্গা রয়েছে; জাপান এবং বিশ্বের অন্যান্য অংশের ক্লাসিক্যাল সাহিত্যের উপর ভিত্তি করে তৈরি করা মাঙ্গা, প্রাবন্ধিক মাঙ্গা এবং "মাঙ্গায় জাপানি অর্থনীতির ভূমিকা" ও "মাঙ্গার মাধ্যমে আপেক্ষিকতার তত্ত্ব বোঝার" মতো হাউ-টু মাঙ্গা। কাগজের প্রকাশনা ছাড়াও, আজকাল, স্মার্টফোন অ্যাপের মাধ্যমে অনেক মাঙ্গা পড়া যায়। লোকেরা প্রায়শই ট্রেনে স্মার্টফোনে মাঙ্গা পড়ে থাকে।

*শোনেন জাম্পের* মতো মাঙ্গা ম্যাগাজিনে নতুন মাঙ্গা প্রথম প্রকাশিত হয়। এর পরে, বেশ কয়েকটি অধ্যায় একত্রিত করে খণ্ড হিসাবে প্রকাশিত হয়। মাঙ্গা বই এখন বিদেশী ভাষায় অনূদিত হয় এবং বিশ্বজুড়ে জাপানি মাঙ্গার অনেক অনুরাগী রয়েছে। *নারুতো, ওয়ান পীস, অ্যাটাক অন টাইটান* এবং *ডেমন স্লেয়ারের* মতো মাঙ্গা বিদেশে বিশেষভাবে জনপ্রিয়। বিদেশে অনেক লোক মাঙ্গা চরিত্রের মতো পোশাকে সজ্জিত হওয়া কসপ্লে উপভোগ করে থাকে।

মূল পাঠে আবির্ভূত মাঙ্গা হল *ড্রাগন বল*। এটি টোরিয়ামা আকিরা কর্তৃক তৈরি করা হয়েছিল এবং ১৯৮৪ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত সাপ্তাহিক *শোনেন জাম্পে* ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল। এটি পরে অ্যানিমে এবং এমনকি হলিউড চলচ্চিত্রে রূপান্তরিত হয়েছিল। বিশ্বব্যাপী বইটির ২৫০ মিলিয়নেরও বেশি কপি বিক্রি হয়েছে।




"Attack on Titan"
『進撃の巨人』

日本では、出版物の３分の１がマンガだと言われています。マンガは子どもだけでなく、大人もよく読みます。アクション、ファンタジー、恋愛、スポーツ、ミステリー、SF、ギャグ、歴史、料理、アダルトなど、ジャンルもさまざまなものがあります。日本や世界の古典的な文学作品をマンガにしたものや、エッセイマンガ、「マンガ日本経済入門」「マンガでわかる相対性理論」のようなハウツーマンガも多数出版されています。最近は、紙の出版物だけではなく、スマホでアプリを使って読むタイプのマンガも増えています。電車の中ではスマホを使ってマンガを読む人の姿もよく見られます。

新しい作品は、はじめに「少年ジャンプ」のようなマンガ雑誌に連載され、そのあとで作品ごとに単行本にまとめられます。マンガの単行本は現在では外国語にも翻訳されるので、海外にも日本のマンガのファンが多数います。『NARUTO』『ONE PIECE』『進撃の巨人』『鬼滅の刃』などは、海外でも特に人気があり、登場人物の格好をまねた「コスプレ」は、海外でも多くの愛好者がいます。

本文に登場した『ドラゴンボール』は、鳥山明によるマンガです。1984 ~ 1995 年に「週刊少年ジャンプ」に連載され、その後アニメやハリウッド映画にもなりました。単行本は全世界で２億 5000 万部以上売れています。

## ● 日本(にほん)のゲーム　জাপানি ভিডিওগেম



অ্যানিমে এবং মাঙ্গার মতোই, জাপানি ভিডিও গেম জাপানের জনপ্রিয় সংস্কৃতির একটি বড় অংশ। সারা বিশ্বজুড়ে অনুরাগী রয়েছে। নিন্তেন্দো ১৯৮৩ সালে ফ্যামিকম (ফ্যামিলি কম্পিউটার) চালু করেছিল। এটি জাপানের ভিডিওগেম সংস্কৃতিকে পরিবারের নিকট নিয়ে এসেছে। *সুপার মারিও ব্রোস., ড্রাগন কোয়েস্ট* এবং *ফাইনাল ফ্যান্টাসির* মতো ক্লাসিক গেম তৈরি করা হয়েছে। এর পরে, উদাহরণস্বরূপ সুপার ফ্যামিকম, প্লেস্টেশন, সেগা স্যাটার্ন এবং Wii এর মতো বিস্তৃত পরিসরের গেমিং ডিভাইস বাজারে ছাড়া হয়েছিল।

ভিডিও গেম বলতে, গভীর রাত অবধি একা ভিডিও গেম খেলার কথা বুঝাতে পারে। তবে, এখন ভিডিও গেম খেলার বিভিন্ন ধরনের পদ্ধতি রয়েছে। উদাহরণস্বরূপ, পরিবারগুলি তাদের স্মার্টফোন নিয়ে *Pokémon GO* তে পোকেমন ধরতে যেতে পারে।


©The Japan Foundation



*অ্যানিমাল ক্রসিং* এ বন্ধুর সাথেও ভার্চুয়ালি খেলা যায়: *নিউ হরাইজনস* অন নিন্তেন্দো সুইচ।

日本のゲームは、アニメ、マンガと並んで日本を代表するポップカルチャーの１つで、世界中にファンがいます。1983 年、任天堂がファミコン（ファミリーコンピュータ）を発売し、日本のゲーム文化は一気に家庭に広がりました。「スーパーマリオブラザーズ」「ドラゴンクエスト」「ファイナルファンタジー」など、代表的なコンテンツも生まれました。その後、スーパーファミコン、プレイステーション、セガサターン、Wii などさまざまなゲーム機が発売されてきました。

ゲームといえば部屋に閉じこもって１人で夜遅くまで行うような、暗いイメージもありますが、現在では、親子で街に出かけ、スマホを持ちながら「Pokémon GO」のポケモンを集めたり、友だち同士で Nintendo Switch の「あつまれ　どうぶつの森」の仮想空間でいっしょに遊んだりなど、楽しみ方も広がってきています。

## 日本（にほん）の文学（ぶんがく） জাপানি সাহিত্য



মুরাকামি হারুকি
村上春樹



নাতসুমে সোসেকি
夏目漱石

জাপানি সাহিত্যের অনেক কাজ বিদেশী ভাষায় অনুবাদ করা হয়েছে। এগুলি সারা বিশ্বজুড়ে লোকেরা পড়ে থাকে।

মূল পাঠ্যের উদাহরণ হল মুরাকামি হারুকি (১৯৪৯ -), যিনি কিনা নেতৃস্থানীয় একজন আধুনিক জাপানি লেখক। তার প্রধান কাজের মধ্যে *নরওয়েজিয়ান উড, কাফকা অন দ্য শোর* এবং *1Q84* অন্তর্ভুত রয়েছে। নাৎসুমে সোসেকি (১৮৬৭-১৯১৬) মেইজি যুগের একজন লেখক। *আই এম এ ক্যাট* এবং *বোচ্চান* এর মতো কাজের জন্য তিনি সবচেয়ে বেশি পরিচিত। বেশিরভাগ জাপানি মানুষ সম্ভবত অন্তত একবার সোসেকির একটি উপ-ন্যাস পড়েছেন। উদাহরণস্বরূপ, অনেক জাপানি উচ্চ বিদ্যাল-য়ের শিক্ষার্থীরা, পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত হওয়ায় *কোকোরো* এবং *সানশিরো* স্কুলে অধ্যয়ন করে থাকে।

অন্যান্য লেখকদের কাজও অনুবাদ করা হয়েছে এবং বিদেশে সুপরিচিত। কিছু উদাহরণ হল সাহিত্যে নোবেল পুরস্কার বিজয়ী কাওয়াবাতা ইয়াসুনারি (১৮৯৯ -১৯৭২) এবং ওএ কেনজাবুরো (১৯৩৫–), আকুতাগাওয়া রিয়ুনসুকে (১৮৯২-১৯ ২৭), মিশিমা ইউকিও (১৯২৫-১৯৭০), আবে কোবো (১৯২৪-১৯৯৩) এবং ইয়োশিমোতো বানানা (১৯ ৬৪–)। *দ্য টেল অফ গেঞ্জি* হল মুরাসাকি শিকিবুর ১,০০০ বছরেরও বেশি আগে লেখা একটি বই। এটি অনেক ভাষায় অনূদিত হয়েছে এবং এমনকি প্রকাশনার জন্য সমসা-ময়িক লেখকদের দ্বারা আধুনিক জাপানি ভাষায় অনুবাদ করা হয়েছে।

অন্যান্য বিখ্যাত লেখক হলেন আকাগাওয়া জিরো (১৯৪৮–), যিনি কথোপকথনমূলক শৈলীতে পড়া সহজ রহস্য গল্প লিখেছেন এবং হোশি শিনিচি (১৯২৬-১৯৯৭), যিনি মাত্র কয়েক পৃষ্ঠার ছোট-ছোট গল্প তৈরি করেছেন। সাধারণত, তাদের কাজগুলি হল প্রথম সাহিত্য যা জাপানি শিক্ষার্থীরা জাপানী ভাষায় পড়ে থাকে। হালকা উপন্যাসও আছে ( *রানোবে*)। তরুণ-তরুণীর জন্য পড়া সহজ উপায়ে লেখা হয়েছে। এই বইগুলির বিদেশে অনেক অনুরাগী রয়েছে, যারা এগুলি মূল জাপানি ভাষায় বা অনুবাদ করা বিদেশী ভাষায় পড়ে থাকে।

現在までに、多くの日本の文学作品が外国語に翻訳され、世界中で読まれています。

本文で例に挙げられている村上春樹（1949- ）は、現代の日本を代表する作家です。代表作には『ノルウェイの森』『海辺のカフカ』『1Q84』などがあります。夏目漱石（1867-1916）は、明治時代の作家で、代表作として『我が輩は猫である』『坊っちゃん』がよく知られています。漱石の『こころ』や『三四郎』は高校の国語の教科書にも取り上げられるなど、日本人ならだれでも１度は漱石の小説を読んだことがあると言えます。

このほかノーベル文学賞を受賞した川端康成（1899-1972）と大江健三郎（1935- ）をはじめ、芥川龍之介（1892-1927）、三島由紀夫（1925-1970）、安部公房（1924-1993）、吉本ばなな（1964-）などの作品が翻訳され、海外でも有名です。また、今から 1000 年以上前に書かれた紫式部の『源氏物語』は、さまざまな言語への翻訳だけでなく、現代の作家による現代語訳も出ています。

一方、会話体による読みやすい文体でミステリーを書いた赤川次郎（1948- ）や、１つの作品が数ページで完結する「ショートショート」という分野を確立した星新一（1926-1997）の作品は、日本語学習者が日本語で読む文学の入門として、定番になっています。さらに、若者が気軽に読めるように書かれた「ライトノベル（ラノベ）」という分野の小説も、日本語のまま、または外国語に翻訳されて、海外のファンを獲得しています。


©The Japan Foundation

## ● サッカー／ラグビー　ফুটবল/রাগবি



বেসবলের মতোই, ফুটবল জাপানে খুব জনপ্রিয় একটি খেলা। বিশেষ করে, ১৯৯৩ সালে পেশাদার খেলা হয়ে ওঠার পর থেকে এবং J. League শুরু হওয়ার পর থেকে ফুটবল জনপ্রিয় হয়ে উঠেছে। বেসবলের চেয়ে আরো বেশি জাপানি মানুষ ফুটবল খেলে থাকে। জাপানি জাতীয় দল ম্যাচ খেলার সময় অনেক ফুটবল অনুরাগী টিভিতে খেলা দেখে থাকে।

স্থানীয় কমিউনিটির সাথে যুক্ত থাকে বিধায় J. League একটি বিশেষ লীগ। জে১ থেকে শুরু করে জে৩, তিনটি J. League বিভাগ, এবং মোট ৬০ টি দল রয়েছে। সকল দলের নামের মধ্যে, উরাওয়া রেড ডায়মন্ডস এবং গাম্বা ওসাকার মতো করে নিজ শহরের নাম অন্তর্ভুক্ত রয়েছে। তাই এসব এলাকায় স্থানীয় অনুরাগী কর্তৃক দলকে সমর্থন করা হয়। একবার জাপানে বসবাস করলে, স্থানীয় দলটি পরীক্ষা করে দেখা উচিত।

রাগবি সিনিয়র হাই স্কুল এবং বিশ্ববিদ্যালয়েও একটি জনপ্রিয় খেলা। অল-জাপান ইউনিভার্সিটি রাগবি চ্যাম্পিয়নশিপের বিজয়ী দল, প্রতি বছর জাপানের শীর্ষ বিশ্ববিদ্যালয় দলে পরিণত হয়। এটি খুবই জনপ্রিয় এবং উত্তেজনাপূর্ণ। রাগবির বিষয়বস্তু অবলম্বনে নাটকও নির্মিত হয়েছে।



পূর্বে, জাপানের জাতীয় রাগবি দল খুব কমই আন্তর্জাতিক প্রতিযোগিতায় ম্যাচ জিতেছে। সম্প্রতি পর্যন্ত এটি খুব জনপ্রিয় ছিল না। তবে, রাগবি বিশ্বকাপে (ইংল্যান্ড, ২০১৫) জাপান দক্ষিণ আফ্রিকার বিপক্ষে খেলার সময় ম্যাচ শেষ হওয়ার ঠিক আগে খেলাটি জিতেছিল। এটি জাপান এবং বিদেশে দলটিকে স্পটলাইটে নিয়ে আসে। তারপরে, ২০১৯ সালে জাপানে রাগবি বিশ্বকাপের আয়োজন করা হয়েছিল এবং রাগবি জাপানেও একটি প্রধান খেলা হয়ে ওঠে। নিওয়াকা ফ্যান (ব্যান্ডওয়াগন অনুরাগী) বলতে রাগবি বিশ্বকাপের সময় হঠাৎ রাগবি অনুরাগী হয়ে ওঠে ব্যক্তিদের বুঝায়। এটি সেই সময়ে হাল-ফ্যাসনের কথন হয়ে ওঠে।

জাপানের ফুটবল এবং রাগবি জাতীয় দলের আরেকটি বৈশিষ্ট্য হল এই যে তারা সম্পূর্ণ ভিন্ন ধরণের ইউনিফর্ম পরে থাকে। জাতীয় ফুটবল দল সামুরাই ব্লু নামক একটি নীল ইউনিফর্ম পরে থাকে। জাতীয় রাগবি দলের ইউনিফর্মে লাল এবং সাদা অনুভূমিক ডোরা দাগ রয়েছে এবং চেরি ব্লসমের মোটিফের উপর ভিত্তি করে একটি প্রতীক রয়েছে। (এই কারণে, দলটির ডাকনাম হল ব্রেভ ব্লসমস।) অন্যান্য দেশের তুলনায় এটি অস্বাভাবিক। বিশেষ করে, ফুটবল দলের ইউনিফর্মে জাপানের জাতীয় পতাকার রং অন্তর্ভুক্ত নয়। সুতরাং, টিভিতে ম্যাচ দেখার সময়, ফুটবলের সাথে খুব বেশি পরিচিত না হলে জাপানি দল কোনটি তা হয়তো বুঝা যায় না।

ফুটবল বা রাগবি খেলতে চাইলে শহরের খবরের কাগজ এবং অনলাইন বুলেটিন বোর্ড চেক করার চেষ্টা করুন। প্রাপ্তবয়স্কদের জন্য স্থানীয় অপেশাদার দল মাঝে মাঝে দলের নতুন সদস্যদের সন্ধান করার জন্য সেখানে নোটিশ প্রদান করে থাকে।

サッカーは、日本では野球と並んで盛んなスポーツです。特に、1993年にサッカーがプロ化されて「Ｊリーグ」が始まってからは、サッカー人気も安定し、競技人口は野球より多くなっています。日本代表チームの国際試合が行われる日には、多くのサッカーファンがテレビで観戦します。

Ｊリーグの特徴として、地域に根ざしたチーム作りがあります。Ｊリーグは現在、Ｊ１リーグからＪ３リーグまでの３部があり、全部で約60ほどのチームがあります。すべてのチームは「浦和レッズ」「ガンバ大阪」のように、チーム名にホームタウンとなる地域名をつけているので、地元のファンに応援されています。日本に住んだら、地元のチームをチェックしてみるといいでしょう。

ラグビーは、高校や大学のスポーツとしても人気があり、特に大学チームの日本一を決める全国大学ラグビー選手権は、毎年とても盛り上がります。ラグビーをテーマにしたドラマも作られています。

ラグビー日本代表チームは、世界的な大会ではほとんど勝てないチームとして、これまではあまり人気があるとは言えませんでした。しかし、2015年にイングランドで行われたラグビー・ワールドカップの南アフリカ戦で、試合終了直前に逆転勝利をしたことで、国内外で一気に注目されます。そのあと2019年には日本をホスト国としてワールドカップが開催され、ラグビーは日本でもメジャーなスポーツとなりました。ワールドカップを機会に急にラグビーファンになった人を指す「にわかファン」ということばも流行しました。

日本は、サッカーとラグビーで、日本代表チームのユニフォームが全然違うのが特徴です。サッカーの日本代表チームのユニフォームは青で、「サムライブルー」と呼ばれています。ラグビーの日本代表のユニフォームは赤と白の横縞に、桜のエンブレムがついています（そこから、日本チームには「Brave Blossoms」という愛称がついています）。これは世界的には比較的めずらしく、特にサッカーは国旗の色と関係ないことから、サッカーにあまりくわしくない人がテレビを見ると、どちらが日本チームかわからないということもあるそうです。

サッカー、ラグビーをプレイしたい場合、地元の社会人アマチュアチームがタウン情報誌やネットの掲示板などに募集を出していることがありますので、調べてみましょう。


©The Japan Foundation

## パチンコ পচিঙ্কো



পাচিঙ্কো পিনবলের মতো একই। পাচিঙ্কো মেশিনটি উল্লম্ব বোর্ডে হাতুড়ি দিয়ে গাঁথা পেরেক দিয়ে তৈরি করা হয়। বোর্ডটি কাঁচের টুকরো দ্বারা আবৃত এবং এতে বেশ কয়েকটি ছিদ্র রয়েছে। পাচিঙ্কো বল নীচে থেকে উপরের দিকে টোকা মারা হয়। একটি নির্দিষ্ট গর্তে পড়লে আরও বল ফিরে পাওয়া যায়। আতারি (একটি বড় জয়) পেলে অনেক বল ছুঁড়তে থাকা পাচিঙ্কো মেশিন রয়েছে। অনেক পাচিঙ্কো বল পেলে তাদের উপহারের সাথে বিনিময় করা যায়।

জাপানের সব জায়গায় পাচিঙ্কো পার্লার রয়েছে। শহরের শপিং স্ট্রিটে পাচিঙ্কো পার্লার রয়েছে। বড় শহরের বাইরে, বড় রাস্তার পাশে বড় ধরনের কার পার্ক সহ পাচিঙ্কো পার্লার রয়েছে। পাচিঙ্কো নিয়মিত মানুষের জন্য একটি বিনোদনমূলক কর্মকাণ্ড। এটি তরুণ-তরুণী থেকে শুরু করে বয়স্ক ব্যক্তি সবাই খেলে থাকে (যদিও ১৮ বছরের কম বয়সীদের খেলার অনুমতি দেওয়া হয় না)।

পাচিঙ্কো উপহার নগদ অর্থ দিয়ে কাছাকাছি অন্য কোন দোকান থেকে ক্রয় করা যায়। এইভাবে, পাচিঙ্কো প্রকৃতপক্ষে জুয়া খেলার মতো। পাচিঙ্কো হলো যে কেউ সহজেই খেলতে পারে এমন একটি বিনোদনমূলক কর্মকাণ্ড, তবে খুব বেশি জুয়া না খেলার ব্যাপারে সতর্কতা অবলম্বন করা উচিত।

パチンコは、ピンボールに似たゲームです。パチンコ台は、ガラスが貼られた垂直の板に釘が打たれていて、いくつか穴が開いています。下からパチンコ玉が弾かれて落ちるとき、玉が特定の穴に入ると、玉が増えて返ってきます。パチンコ台の中には、「当たり」が出たらたくさん玉が返ってくる時間が続くものもあります。パチンコの玉をたくさん増やせば、景品と交換してもらえます。

パチンコ店は全国各地にあり、都会では商店街の中に、地方では幹線道路沿いに広い駐車場を持ったパチンコ店があります。パチンコは若者（ただし 18 歳未満は禁止）からお年寄りまでが楽しめる、一般庶民の娯楽となっています。

一方で、パチンコの景品は、近くにある別の店で買い取ってもらって現金に換えることも可能です。そのため、パチンコは実際にはギャンブルと同様の存在になっているという一面もあります。パチンコは気軽にやってみることができる日本の娯楽ですが、ギャンブルにははまりすぎないよう、注意してください。


©The Japan Foundation